অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/30/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL (হোকল) নিউ ইয়র্কবাসীদের লেক ইফেক্ট তুষার সম্পর্কে আপডেট জানালেন

একাধিক কাউন্টির জন্য জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে

নর্থ কান্ট্রিতে মোট ছয় ফুট পর্যন্ত এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কে চার ফুট পর্যন্ত তুষারের আশঙ্কা করা হচ্ছে

জেফার্সন, লুইস এবং ইরি কাউন্টির কিছু অংশের জন্য ট্রাভেল অ্যাডভাইজরি কার্যকর করা হয়েছে

এক্সিট 46 থেকে PA লাইন পর্যন্ত উভয় দিকে থ্রুওয়েতে সকল কমার্শিয়াল যানবাহন চলাচল নিষেধ করা হয়েছে; পশ্চিমমুখী এক্সিট 57-এ সকল ট্র্যাফিকের জন্য থ্রুওয়ে বন্ধ থাকবে

খালি এবং ট্যান্ডেম কমার্শিয়াল যানবাহনের জন্য I-86-এ পেন্সিলভ্যানিয়া স্টেট লাইন থেকে I-390 পর্যন্ত এবং স্টেট রুট 219-এ পেন্সিলভ্যানিয়া স্টেট লাইন থেকে I-90 পর্যন্ত একটি ব্যান কার্যকর হবে

স্টেটের এজেন্সিগুলি ঝড়ের উপর নজর রাখছে এবং সরঞ্জাম ও কর্মী নিয়ে সাড়াদান করার জন্য প্রস্তুত আছে

ওয়েস্টার্ন নিউ ইয়র্কে 100 জনের বেশি ন্যাশনাল গার্ডের সদস্যকে মোতায়েন করা হয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে কমিউনিটিগুলিকে আক্রান্ত করতে থাকা উল্লেখযোগ্য লেক ইফেক্ট তুষার সম্পর্কে একটি আপডেট দিয়েছেন। শুক্রবার গভর্নর Hochul (হোকল) অ্যালেগানি (Allegany), ইরি (Erie), ক্যাটারাগাস (Cattaraugus), শ্যাটাকোয়া (Chautauqua), জিনেসি (Genesee), হার্কামার (Herkimer), জেফার্সন (Jefferson), লুইস (Lewis), ওসওয়েগো (Oswego), সেন্ট লরেন্স (St. Lawrence), ওয়াইওমিং (Wyoming) এবং আশেপাশের কাউন্টিতে একটি জরুরি অবস্থা ঘোষণা করেন। ইতিমধ্যে যা পড়েছে তার পাশাপাশি টাগ হিল (Tug Hill) এবং ওয়াটারটাউন (Watertown) এলাকায় আরো মোট তিন

থেকে চার ফুট এবং সাউদার্ন ইরি কাউন্টি এবং নর্দার্ন শ্যাটাকোয়া কাউন্টি এলাকায় দুই থেকে তিন ফুট তুষার সম্ভব।

"নিউ ইয়র্কবাসীরা যখন এই লেক ইফেক্ট তুষারঝড়ের মুখোমুখি হয়েছে তখন প্রভাবিত এলাকার নিউ ইয়র্কবাসীকে সতর্ক থাকার জন্য এবং অপ্রয়োজনীয় যাত্রা এড়ানোর জন্য আমি জোর অনুরোধ করছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "স্থানীয় কমিউনিটিগুলিকে সমর্থন করার জন্য আমার অ্যাডমিনিস্ট্রেশন আমাদের স্টেটের এজেন্সিগুলির সাথে এবং 100-এর বেশি ন্যাশনাল গার্ডের (National Guard) সদস্যদের সাথে মাঠ পর্যায়ে দিনরাত কাজ করছে। দয়া করে ট্রাভেল অ্যাডভাইজরিগুলি মেনে চলুন এবং একে অন্যের খেয়াল রাখুন। একসাথে আমরা এই ঝড় পার করতে পারবো।"

লেক ইফেক্ট তুষার সোমবার পর্যন্ত চলবে এবং রবিবার ভোরের মধ্যে সবথেকে বেশি তুষারপাত হবে, এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (Western New York) এবং নর্থ কান্ট্রি (North Country) অঞ্চলের কিছু অংশে রবিবার শেষ রাত থেকে শুরু করে সোমবার সকাল পর্যন্ত ভারী তুষারের আরেকটি বাড়তি সময়কাল দেখা যাবে। অঞ্চলগুলিতে ঘণ্টায় এক থেকে তিন ইঞ্চি হারে তুষারপাত এবং সবথেকে তীব্র তুষার ব্যান্ডে ঘণ্টায় তিন থেকে চার ইঞ্চি তুষারপাতের আশঙ্কা রয়েছে।

বাতাসের পরিবর্তনের কারণে রবিবার এবং সোমবার লেক ইফেক্ট তুষার সেন্ট্রাল নিউ ইয়র্ক (Central New York) এবং মোহক ভ্যালি (Mohawk Valley) অঞ্চলে চলে আসবে। এখন সেন্ট্রাল নিউ ইয়র্কে চার থেকে আট ইঞ্চি এবং মোহক ভ্যালিতে তিন থেকে পাঁচ ইঞ্চি তুষারপাতের আশঙ্কা করা হচ্ছে এবং তুষারপাতের হার হবে ঘণ্টায় এক থেকে দুই ইঞ্চি।

জেফার্সন, লুইস, এবং ইরি কাউন্টির কিছু অংশে আবহাওয়ার কারণে গাড়ি চালানোর পরিস্থিতি খারাপ হওয়াতে ট্রাভেল অ্যাডভাইজরি জারি করা হয়েছে। তুষারে ঢাকা রাস্তা এবং ভিজিবিলিটি কমে যাওয়ার জন্য সোমবার পর্যন্ত যাতায়াতের অবস্থা বিপজ্জনক থেকে অসম্ভব হবে বলে আশঙ্কা করা হচ্ছে। দমকা বাতাসের কারণে উড়তে থাকা এবং ভাসতে থাকা তুষার দেখা যেতে পারে, এবং বিচ্ছিন্নভাবে কারেন্ট চলে যেতে পারে। অবিরাম তুষার ব্যান্ডের কারণে দ্রুত তুষার জমে যেতে পারে, এবং ভিজিবিলিটি অনেক বেশি কমে গিয়ে প্রায় হোয়াইটআউটের অবস্থা তৈরি হবে।

এজেন্সির কর্মকাণ্ড

নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (New York State Division of Homeland Security and Emergency Services, DHSES)
ডিভিশনের অফিস অফ ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management) তাদের স্থানীয় কাউন্টারপার্টগুলির সাথে যোগাযোগ রাখছে এবং সহায়তার অনুরোধের ব্যবস্থা করার জন্য প্রস্তুত আছে। স্টেট মজুদ কর্মীরা আছে এবং প্রয়োজন অনুযায়ী জরুরি সাড়াদান সম্পদ এবং সাপ্লাই মোতায়েন করতে প্রস্তুত। স্টেটের ওয়াচ সেন্টারটি (Watch Center) ঝড় এবং পুরো স্টেটে এর প্রভাব ভালোভাবে মনিটর করছে।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ (New York State Department of Transportation)
খালি এবং ট্যান্ডেম কমার্শিয়াল যানবাহনের জন্য I-86-এ পেন্সিলভ্যানিয়া (Pennsylvania, PA) স্টেট লাইন থেকে I-390 পর্যন্ত এবং স্টেট রুট 219-এ পেন্সিলভ্যানিয়া স্টেট লাইন থেকে I-90 পর্যন্ত একটি ব্যান কার্যকর থাকবে।

স্টেটের ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশনের (Department of Transportation) কর্মীবাহিনী পুরোপুরি নিয়োজিত আছেন এবং পুরো স্টেটে সাড়া দিচ্ছেন এবং পুরো স্টেটে 3,527 জন সুপারভাইজার ও অপারেটর প্রস্তুত আছে। প্রয়োজনীয় যেকোনো ধরনের সাড়াদানকারী কর্মী হিসেবে কর্মীদেরকে নিয়োজিত করা যাবে (প্লাউ, ড্রেনেজ, চিপার, লোড করা ও টানা, কাটা ও ছুড়ে ফেলা, ইত্যাদি)। প্রভাবিত এলাকায় সকল আবাসস্থলে 24/7 কার্যক্রমের জন্য অপারেটর, সুপারভাইজার এবং মেকানিক দিয়ে কর্মী নিযুক্ত থাকবে এবং ঘটনার পুরো সময়জুড়ে এবং অগ্রাধিকারভিত্তিক পরিষ্কারকরণ চলমান থাকবে। এছাড়াও প্রয়োজন মতো সাহায্য দেওয়ার জন্য ডিপার্টমেন্টটি বাফেলো সিটি (City of Buffalo) এবং ঝড়ের আক্রান্ত এলাকার অন্যান্য স্থানীয় মিউনিসিপ্যালিটির সাথে যোগাযোগ রাখছে।

স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:
- 1,635টি লার্জ প্লাউ ট্রাক
- 339টি বৃহৎ লোডার
- 150টি মিডিয়াম ডিউটি প্লাউ
- 51টি টো প্লাও
- 35টি স্নো ব্লোয়ার
- 18টি গ্রেডার

ঝড়ে ক্ষতিগ্রস্ত এলাকায় সাড়াদানের অপারেশনকে আরো সমর্থন করতে ডিপার্টমেন্ট আরো 62 জন কর্মীকে কাজে লাগিয়েছে, যার মধ্যে আছে 15টি প্লাউ ট্রাক, চারটি স্নো ব্লোয়ার, দুইটি গ্রেডার, 44 জন প্লাউ ট্রাক অপারেটর, নয়জন সুপারভাইজার, ছয়জন ইক্যুইপমেন্ট অপারেটর ইন্সট্রাক্টর, একজন সুপারভাইজিং ইক্যুইপমেন্ট অপারেটর ইন্সট্রাক্টর, একজন অ্যাসিস্টেন্ট ম্যানেজার এবং একজন ICS সাপোর্ট স্পেশালিস্ট, যাদের নর্থ কান্ট্রি এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কে পাঠানো হবে।

সাড়াদান অপারেশনকে আরো সমর্থন করার জন্য ডিপার্টমেন্ট ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রিতে দ্বিতীয়বারের মতো কর্মী মোতায়েনের ব্যবস্থা নিয়েছে। চারটি প্লাউ ট্রাক, তিনটি স্নো ব্লোয়ার এবং 34 জন কর্মীকে নিম্নরূপে মোতায়েন করা হয়েছে, যাদের মধ্যে 17 জন প্লাউ ট্রাক অপারেটর, পাঁচজন সুপারভাইজার, চারজন ICS সাপোর্ট স্টাফ, এবং আটজন মেকানিক আছে:

<u>নর্থ কান্ট্রি</u>
- ক্যাপিটাল রিজিয়ন (Capital Region) থেকে একজন ICS সাপোর্ট স্টাফ সদস্য পাচ্ছে
- মোহক ভ্যালি থেকে তিন জন অপারেটর, একজন সুপারভাইজার এবং একজন স্নো ব্লোয়ার পাচ্ছে

- সেন্ট্রাল নিউ ইয়র্ক থেকে তিন জন অপারেটর, একজন সুপারভাইজার এবং একজন স্নো ব্লোয়ার পাচ্ছে
- মিড-হাডসন (Mid-Hudson) অঞ্চল থেকে আটজন অপারেটর, দুইজন সুপারভাইজার, তিনজন ICS সাপোর্ট স্টাফ, দুইজন মেকানিক এবং চারটি প্লাউ ট্রাক পাচ্ছে
- ওয়েস্টার্ন সাউদার্ন টিয়ার (Western Southern Tier) থেকে দুই জন মেকানিক পাচ্ছে
- সাউদার্ন টিয়ার (Southern Tier) থেকে তিনজন অপারেটর, একজন সুপারভাইজার, এবং একজন স্নো ব্লোয়ার পাচ্ছে

ওয়েস্টার্ন NY

- সেন্ট্রাল নিউ ইয়র্ক থেকে দুই জন মেকানিক পাচ্ছে
- ফিঙ্গার লেকস (Finger Lakes) থেকে দুই জন মেকানিক পাচ্ছে

লেক ইফেক্ট তুষারের মধ্যে থাকা অঞ্চলগুলিও ভারী তুষারপাতের এলাকাসমূহে কভারেজ বাড়াতে রোলিং অ্যাসিস্ট করবে। এই রোলিং অ্যাসিস্টগুলি ব্যান্ডের গতিবিধি অনুযায়ী জায়গা বদলাবে।

ইরি কাউন্টিতে ইউনাইটেড স্টেটসের (United States, U.S.) রুট 219-এ, ওসওয়েগো কাউন্টিতে I-81-এ এবং জেফার্সন কাউন্টিতে I-81-এ টো সার্ভিস বসানো হবে।

পুরো সময়জুড়ে আবহাওয়ার অবস্থা বিবেচনায় নিয়ে বাড়তি সম্পদ বরাদ্দের প্রয়োজন পুনর্মূল্যায়ন করা হবে।

রিয়েল টাইম যাত্রার তথ্য পাওয়ার জন্য গাড়ির চালকেরা 511 নম্বরে ফোন করতে বা 511ny.org ভিজিট করতে পারবে, এটি নিউ ইয়র্ক স্টেটের ট্র্যাফিক ও যাত্রা তথ্যের অফিসিয়াল উৎস।

থ্রুওয়ে কর্তৃপক্ষ (Thruway Authority)
ব্যান/রাস্তা বন্ধ:
পেন্সিলভ্যানিয়াতে I-90 বন্ধ থাকার কারণে, পরবর্তী নোটিশ না দেওয়া পর্যন্ত পশ্চিমমুখী NYS থ্রুওয়ে (I-90) এক্সিট 57 (হ্যামবার্গ (Hamburg) - ইস্ট অরোরা (East Aurora) - স্টেট রুট 75) থেকে পেন্সিলভ্যানিয়া স্টেট লাইন পর্যন্ত বন্ধ থাকবে। পূর্বমুখী লেনগুলি খোলা থাকবে।

পরবর্তী নোটিশ না দেওয়া পর্যন্ত এক্সিট 46 (রচেস্টার (Rochester) - কর্নিং (Corning) - I-390) থেকে PA স্টেট লাইন পর্যন্ত উভয় দিকের থ্রুওয়েতে সকল কমার্শিয়াল যানবাহন চলাচল নিষেধ।

691 জন অপারেটর ও সুপারভাইজার নিয়ে থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority) সাড়াদানের জন্য প্রস্তুত আছে। স্টেটব্যাপী সরঞ্জামের সংখ্যা ও সংস্থানসমূহের তালিকা নিচে দেওয়া হলো:

- 368টি বড় ও মিডিয়াম ডিউটি প্লাউ ট্রাক
- 10টিটো প্লাউ
- 63টি লোডার
- 126,000+ টন লবণ মজুদ

থ্রুওয়েতে গাড়ির চালকদেরকে শীতকালীন আবহাওয়ার অবস্থা সম্পর্কে সতর্ক করতে ভ্যারিয়েবল মেসেজ সাইন (Variable Message Signs) ও সোশ্যাল মিডিয়া (X এবং Facebook) ব্যবহার করা হচ্ছে।

2024-2025 তুষার এবং বরফের মৌসুমের জন্য নতুন হলো, থ্রুওয়ের 250টিরও বেশি হেভি-ডিউটি প্লাউ ট্রাকের সবগুলিকে গ্রিন হ্যাজার্ড লাইট দিয়ে তৈরি রাখা হয়েছে, যা স্ট্যান্ডার্ড অ্যাম্বার হ্যাজার্ড লাইটকে সাহায্য করে। গ্রিন লাইটের উদ্দেশ্য হলো শীতকালীন অপারেশনের সময় ভিজিবিলিটি বাড়ানো এবং নিরাপত্তা বাড়ানো, বিশেষ করে কম আলোর অবস্থা এবং খারাপ আবহাওয়াতে। গাড়ি চালকদের মনে করিয়ে দেওয়া হচ্ছে যে থ্রুওয়ে স্নোপ্লাউ প্রায় ঘন্টায় 35 মাইল গতিতে চলে, যা অনেক জায়গার লিখে রাখা স্পিড লিমিটের থেকে কম হয়, যাতে নিশ্চিত করা যায় যে ছড়িয়ে দেওয়া লবণ ড্রাইভিং লেনেই থাকে এবং রাস্তার বাইরে ছড়িয়ে না পড়ে। গাড়ি চালকদের জন্য সবথেকে নিরাপদ জায়গা হলো স্নোপ্লাউয়ের পেছনে বেশ দূরে থাকা যেখানে রাস্তা পরিষ্কার করা হয়েছে ও লবণ ছড়ানো হয়েছে।

থ্রুওয়ে অথোরিটি গাড়ির চালকদেরকে থ্রুওয়ে মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য ফ্রিতে পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক সম্পর্কে তথ্য, লাইভ ট্রাফিক ক্যামেরা, ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও থ্রুওয়ে সংলগ্ন যানবাহনের সর্বশেষ অবস্থা সম্পর্কে তথ্যের জন্য গাড়ির চালকেরা TRANSalert ইমেইলগুলির জন্য সাইন আপ করতে পারেন এবং X-এ @ThruwayTraffic-কে ফলো করতে পারেন।

নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস ডিপার্টমেন্ট (New York State Department of Public Service)

NYS ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিসের নিয়ন্ত্রণ করা ইউটিলিটি কোম্পানিগুলি পুরো স্টেটে আনুমানিক 5,849 জন কর্মীকে তৈরি রেখেছে যাতে তারা আগামী কয়েক দিনের জন্য যে শীতকালীন আবহাওয়া সিস্টেমের পূর্বাভাস রয়েছে তার জন্য মেরামত ও পুনঃস্থাপন চেষ্টায় জড়িত হতে পারে, এর মধ্যে New York State Electric & Gas Corp (NYSEG)/(Rochester Gas and Electric Corporation (RG&E)-এর নিশ্চিত করা 50 জন এক্সটার্নাল চুক্তিভিত্তিক ক্রু আছে। উইকেন্ডে প্রয়োজন মতো সাড়াদানের সমর্থন করার জন্য প্রত্যেক কোম্পানির সার্ভিস এলাকায় এইসব রিসোর্স ভাগ করে দেওয়া হয়েছে। ইউটিলিটি কোম্পানিগুলি পূর্বাভাসের উপর, এবং সেই সাথে যাতায়াতের অবস্থার উপর নজর রাখছে, এবং তারা তাদের ডিভিশনগুলিতে কর্মী পরিকল্পনা প্রয়োজন মতো পরিবর্তন করতে থাকবে।

ইউটিলিটির ক্রুয়েরা যখন এই আবহাওয়া সিস্টেমের কারণে ক্ষতিগ্রস্ত কাস্টোমারদের সেবা ফেরত দিতে কাজ করবে, DPS-এর কর্মীরা তখন পুরো ইভেন্টের সেবা ফেরত দেওয়ার অগ্রগতির উপর নজর রাখবে এবং নিশ্চিত করবে যাতে যেসব অঞ্চল সবথেকে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে ইউটিলিটিগুলি সেখানে যথাযথ কর্মী ও সংস্থান পাঠায়। আপনার সেবা বিঘ্নিত হলে পরামর্শের জন্য DPS Utility Service Interruptions ওয়েবসাইট https://dps.ny.gov/utility-service-interruptions ভিজিট করুন।

সামরিক ও নৌ অ্যাফেয়ার্স ডিভিশন (Division of Military and Naval Affairs, DMNA)
ডিভিশন অফ মিলিটারি অ্যান্ড নেভাল অ্যাফেয়ার্স (DMNA) ওয়েস্টার্ন নিউ ইয়র্কের Masten Avenue Armory, বাফেলোর Connecticut Street Avenue Armory, Lockport Amory এবং Niagara Falls Air Reserve Station-এ 119 জন সৈন্য ও এয়ারমেন এবং 28টি যানবাহন পাঠাবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)
লেক ইফেক্ট তুষার দিয়ে ক্ষতিগ্রস্ত হওয়া এলাকাগুলিতে স্টেট পুলিশ বাড়তি টহল ও পার্সোনেলের ব্যবস্থা করেছে, এবং পরিস্থিতির উপর কড়া নজর রাখা হচ্ছে। সকল ফোর হুইল ড্রাইভ যানবাহন সেবা দিচ্ছে এবং সকল স্পেশালিটি ভেহিকল, যেমন ইউটিলিটি টেরাইন ভেহিকেল (Utility Terrain Vehicles) এবং স্নোমোবাইল কাজে লাগানোর জন্য প্রস্তুত আছে।

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগ (New York State Department of Environmental Conservation, DEC)
DEC জরুরি অবস্থার ব্যবস্থাপনা কর্মী, পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স এবং আঞ্চলিক কর্মীরা সতর্ক থাকবে এবং আবহাওয়ায় পরিস্থিতির পর্যবেক্ষণ করা অব্যাহত রয়েছে। পার্টনার এজেন্সিগুলির সাথে কাজ করে ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (DEC) বৃষ্টি, তুষার এবং তীব্র বাতাসের কারণে যা যা হওয়া সম্ভব তার জন্য টার্গেটেড এলাকায়ে পাঠানোর জন্য সব রিসোর্সের কোঅর্ডিনেট করতে প্রস্তুত আছে।

বৃহৎ পরিমাণে তুষার অপসারণ এবং নিষ্পত্তির জন্য দায়ী ব্যক্তিদেরকে DEC মনে করিয়ে দিচ্ছে যে বন্যার সম্ভাবনা এবং লবণ, বালি, তেল, আবর্জনা এবং বরফের অন্যান্য ধ্বংসাবশেষের মতো দূষণকারীর দ্বারা পানির মান প্রভাবিত হওয়ার সম্ভাবনা হ্রাস করতে সাহায্য করার জন্য সর্বোত্তম ব্যবস্থাপনার অনুশীলনগুলি তাদেরকে মেনে চলতে হবে। স্থানীয় খাঁড়ি এবং ঝর্ণাতে তুষার ফেললে এর ফলে বরফের বাঁধ সৃষ্টি হতে পারে যা কাছের এলাকায় বন্যার কারণ হতে পারে। সরকারি ও বেসরকারি তুষার অপসারণ অপারেটরদেরকে শীতকালীন ঝড় চলাকালীন ও পরবর্তী এইসব নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অবগত থাকতে হবে। আরো তথ্য https://extapps.dec.ny.gov/docs/water_pdf/togs5111new.pdf এ পাওয়া যাবে৷

পাশাপাশি, অ্যাডিরন্ড্যাক (Adirondacks), ক্যাটস্কিলস (Catskills) এবং অন্যান্য ব্যাককান্ট্রি এলাকায় অপ্রত্যাশিত শীতকালীন আবহাওয়া ও ঝড়ের কারণে অনিশ্চিত অবস্থা তৈরি হতে পারে। বেড়াতে যাওয়া মানুষের উচিত তুষার, বরফ ঠাণ্ডার জন্য যথাযথ পোশাক ও সরঞ্জাম নিয়ে তৈরি থাকা যাতে একটি নিরাপদ শীতের অভিজ্ঞতা নিশ্চিত করা যায়।

অ্যাডিরন্ড্যাকে তুষারের গভীরতার মধ্যে অনেক পার্থক্য থাকতে পারে, হাই পিকস (High Peaks) অঞ্চলের উঁচু জায়গায় এবং 3,000 ফুটের বেশি অন্যান্য পাহাড়ে সবথেকে গভীর তুষার পড়বে। কম উঁচু ট্রেইলে তুষার, বরফ এবং স্লাশের মিশ্রিত অবস্থা থাকবে, যেমন ক্যাটসকিল মাউন্টেন্সের অনেকগুলিতে যেখানে বরফের ট্রেইলের অবস্থা থাকা সম্ভব।

কোনো কোনো ওয়াটারওয়েতে বরফ জমা শুরু হয়েছে, তাই বেড়াতে যাওয়ার আগে বরফের নিরাপত্তা গাইডলাইন দেখে যাওয়ার জন্য DEC প্রকৃতিপ্রেমীদের পরামর্শ দিচ্ছে।

পাশাপাশি, যারা ব্যাককান্ট্রিতে বেড়াতে যাবে তাদের স্মার্টভাবে হাইক করা উচিত এবং যথাযথ নিরাপত্তা গাইডলাইন মেনে চলা উচিত।

সেই অনুসারে সফরের পরিকল্পনা করুন। ইমার্জেন্সি দরকারের সময় 911 নম্বরে ফোন করুন। ফরেস্ট রেঞ্জার সহায়তা অনুরোধ করার জন্য, 1-833-697-7264377 নম্বরে ফোন করুন।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)
নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। প্রতিক্রিয়া সরঞ্জাম প্রসার করা হচ্ছে, পরীক্ষিত এবং ঝড় প্রতিক্রিয়া ব্যবহারের জন্য প্রস্তুত করা হচ্ছে। পার্কে বেড়াতে আসা মানুষকে parks.ny.gov ভিজিট করতে হবে, ফ্রি মোবাইল অ্যাপ NY স্টেট পার্কস এক্সপ্লোরার (NY State Parks Explorer) চেক করতে হবে বা পার্কের কতক্ষণ খোলা থাকবে, খোলা এবং বন্ধর সময় সম্পর্কে সর্বশেষ আপডেটের জন্য নিজেদের স্থানীয় পার্ক অফিসে ফোন করতে হবে।

নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

চলাচল:

নিরাপদে গাড়ি চালানোর জন্য কিছু গুরুত্বপূর্ণ পরামর্শের মধ্যে রয়েছে:

- আপনার স্থানীয় এলাকা এবং আপনি যে এলাকায় যাচ্ছেন সেখানকার পূর্বাভাস মনিটর করুন।
- দরকার ছাড়া কোথাও যাবেন না।
- যদি আপনাকে ভ্রমণ করতেই হয়, আপনার গাড়িতে জীবন-রক্ষাকারী সরঞ্জাম যেমন কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারির বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।
- যদি আপনার ব্যবহারের জন্য অন্যান্য যোগাযোগের ডিভাইস যেমন সেল ফোন অথবা টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণের সময় সেটি আপনার সঙ্গে রাখুন। যদি আপনি হারিয়ে যান, সাহায্যের জন্য কল করে উদ্ধারকারীদেরকে আপনার লোকেশন জানাতে পারবেন।
- শীতকালীন সময়ে মৃত্যু ও আঘাতপ্রাপ্তির শীর্ষ কারণ হলো পরিবহনজনিত দুর্ঘটনা। গাড়িতে চলাচল করার আগে আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে তুষারকণা ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।

- সব রাস্তার চালকদের খেয়াল রাখতে হবে যে স্নোপ্লাউ ঘণ্টায় 35 মাইল গতিতে চলে, যা অনেক জায়গার লিখে রাখা স্পিড লিমিটের থেকে কম হয়।
- প্রায়ই ইন্টারস্টেট হাইওয়েতে একের বেশি স্নোপ্লাউ পাশাপাশি চালানো হয়, যাতে একাধিক লেন একসাথে নিরাপদে পরিষ্কার করা যায়।
- গাড়ি চালক ও পথচারীদেরকেও খেয়াল রাখতে হবে যে স্নো-প্লাউ চালকদের দৃষ্টিগোচরতা সীমিত থাকে, এবং স্নো-প্লাউ এর আকার ও ওজন সেটিকে দ্রুত সরানো ও বন্ধ করা কঠিন করে তুলতে পারে। প্লাউয়ের পেছনে যে তুষার উড়তে থাকে তার কারণে অনেক কম দেখা যেতে পারে বা হোয়াইটআউট অবস্থা হতে পারে।
- গাড়ির চালকদের স্নোপ্লাউকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা না করা বা অনেক কাছ থেকে ফলো না করা উচিত। গাড়ি চালকদের জন্য গাড়ি চালানোর জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হলো স্নো-প্লাউ এর বেশ পিছনে যেখানে সড়কপথ পরিষ্কার রয়েছে ও লবণ ছিটানো হয়েছে। কখনো কোনো স্নোপ্লাউ চালু অবস্থায় এটির সামনে দিয়ে অতিক্রম করার চেষ্টা করবেন না।

বিদ্যুৎ বিভ্রাট

- এলাকাভিত্তিক মেরামতের সময়সূচি জানতে আপনার ইউটিলিটির কাছে যাচাই করুন।
- পাওয়ার চলে গেলে, লাইট এবং অ্যাপ্লায়েন্স বন্ধ করে বা প্লাগ খুলে রাখুন যাতে সার্ভিস ফেরত আসার পর সার্কিট ওভারলোড না হয়; একটি লাইট জ্বালিয়ে রাখুন যাতে আপনি জানতে পারেন কখন পাওয়ার ফেরত আসে।
- যদি শীতকালীন ঝড়ের সময়ে হিটিং চলে যায়, তাহলে আপনার যেসব কক্ষ প্রয়োজন নেই সেগুলো বন্ধ করে দেওয়ার মাধ্যমে উষ্ণতা ধরে রাখুন।

কারেন্ট চলে গেলে রিপোর্ট করার জন্য যেখানে ফোন করবেন:

- সেন্ট্রাল হাডসন: 800-527-2714
- কন এডিসন: 800-752-6633
- ন্যাশনাল গ্রিড: 800-867-5222
- NYSEG: 800-572-1131
- O&R: 877-434-4100
- PSEG-LI: 800-490-0075
- RG&E: 800-743-1701

হিটিং সংক্রান্ত সতর্কতা

বিকল্প তাপের জন্য শুধু নিরাপদ উৎস যেমন ফায়ারপ্লেস, ছোট আকারের ভালো ভেন্টযুক্ত কাঠের বা কয়লার চুলা বা পোর্টেবল স্পেস হিটার ব্যবহার করুন।

ফায়ারপ্লেস, উডস্টোভ, ইত্যাদির মতো বিকল্প হিট সোর্স ব্যবহার করার সময় আপনার সঠিক ভেন্টিলেশন আছে কিনা তা সবসময় নিশ্চিত হয়ে নিবেন এবং ম্যানুফ্যাকচারারের ইন্সট্রাকশন ফলো করুন।

পর্দা, তোয়ালে এবং পটহোল্ডারগুলোকে উত্তপ্ত পৃষ্ঠতল থেকে দূরে রাখুন।

একটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং স্মোক ডিটেক্টর রাখুন এবং সেগুলো কাজ করছে তা নিশ্চিত করুন।
যদি আপনি আপনার হিটিং-এর নিয়মিত জ্বালানির সম্পূরক হিসেবে, অথবা জরুরি পরিস্থিতিতে তাপের উৎস হিসেবে কেরোসিন হিটার ব্যবহার করেন, তাহলে নিম্নলিখিত নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ অনুসরণ করুন:

- উৎপাদকের নির্দেশনা অনুসরণ কর।
- আপনার ইউনিটের জন্য শুধু সঠিক জ্বালানি ব্যবহার করুন।
- শুধু ঘরের বাইরে এবং শুধুমাত্র যখন ইউনিটটি ঠাণ্ডা থাকে তখন পুনরায় জ্বালানি ভর্তি করুন।
- হিটারকে আসবাবপত্র এবং অন্যান্য দাহ্য বস্তু থেকে কমপক্ষে তিন ফুট দূরে রাখুন।
- হিটার ব্যবহার করার সময়, আগুন থেকে সুরক্ষার পদক্ষেপসমূহ এবং ভেন্টিলেশন যথাযথভাবে ব্যবহার করুন।

শীতকালের জন্য আরো সেফটি টিপস পেতে ভিজিট করুন dhses.ny.gov/safety। ঝড়ের আগে, সময় বা পরে নিউ ইয়র্ক স্টেটে ইমার্জেন্সি নয় এমন সার্ভিসের প্রয়োজনে 211 নম্বরে ফোন করুন বা www.211nys.org/ ভিজিট করুন।

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস দুর্যোগ এবং অন্যান্য ইমার্জেন্সি প্রতিরোধ করতে, এগুলি থেকে সুরক্ষা দিতে, সাড়াদান, পুনরুদ্ধার, এবং প্রশমন করতে নেতৃত্ব, কোঅর্ডিনেশন, এবং সমর্থন প্রদান করে। আরো তথ্যের জন্য Facebook, Instagram এবং X-এ (পূর্বে Twitter নামে পরিচিত) @NYSDHSES-কে ফলো করুন বা dhses.ny.gov ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন